

প্রেস বিজ্ঞপ্তি

সাংবাদিক শিমুল, ধর্মনিরপেক্ষ গণতন্ত্রের আরেক নির্মম শিকার, কেবলমাত্র ব্যক্তি অপরাধীর প্রতি মনোযোগ
দিয়ে এই দুর্নীতিগ্রস্ত শাসন ব্যবস্থাকে এড়িয়ে যাবেন না

ক্ষমতাসীন আওয়ামী লীগের অন্তর্গত দু'টি সন্ত্রাসী গ্রুপের মধ্যে চলমান দলীয় কোন্দলের আরেকটি ঘটনায় দৈনিক সমকালের সাংবাদিক আব্দুল হাকিম শিমুল তার পেশাগত দায়িত্ব পালনকালে মাথায় গুলিবিদ্ধ হয়ে অবশেষে মৃত্যুর কোলে ঢলে পড়েছেন। যখন সমগ্র জাতিই সর্বশাসী রাষ্ট্রীয় জুলুমের শিকার তখন সাংবাদিকদের এটা মনে করা উচিত নয় যে, তারা এধরনের অত্যাচার থেকে নিরাপদ। সর্বশেষ এই ঘটনাটি সাংবাদিকদের জন্য নতুন কিছু নয়। কারণ তারা ভালো করেই জানে যে, এই সরকার ইচ্ছাকৃতভাবে আজ পর্যন্ত সাগর-রূনির নিষ্ঠুর হত্যা মামলারও কোন সুরাহা করেনি। কেবলমাত্র প্রতিবাদ জানিয়ে ও গণমাধ্যমে সংবাদ পরিবেশন করে এর কোন প্রতিকার পাওয়া যাবে না, বরং সমস্যার মূলে পৌঁছাতে হবে এবং তার বিরুদ্ধে শক্তিশালী জনমত গড়ে তুলতে হবে। এই জুলুমের মূলে কেবল আওয়ামী লীগ নয়, বরং এই ধর্মনিরপেক্ষ পুঁজিবাদী গণতান্ত্রিক শাসনব্যবস্থার সহজাত বৈশিষ্ট্যের মধ্যেই জুলুম নিহিত, কারণ এই ব্যবস্থা মানুষকে স্বার্থপরের মতো আচরণ করতে শেখায় এবং যে কোন উপায়ে ক্ষমতায় অধিষ্ঠিত থাকার কিংবা ক্ষমতায় আরোহনের দিকে প্ররোচিত করে। 'শুধুমাত্র যোগ্যতমেরই বেঁচে থাকার অধিকার রয়েছে' - এই বিশ্বাসের ভিত্তিতে গড়ে ওঠা পুঁজিবাদী আদর্শই বর্তমান সমাজে দৃশ্যমান সকল বিশৃংখলা, অরাজকতা ও স্বেচ্ছাসিদ্ধ অত্যাচারের মূল কারণ।

প্রিয় সাংবাদিক ভাই ও বোনেরা! কোন একটি নির্দিষ্ট রাজনৈতিক দলকে, কিংবা বিশ্বব্যাপী মানুষের সমস্যা সমাধানে চরমভাবে ব্যর্থ এই গণতান্ত্রিক শাসন ব্যবস্থাকে রক্ষা করা আপনাদের দায়িত্ব নয়। সত্যকে তুলে ধরার মহান দায়িত্ব আপনারা কাঁধে তুলে নিয়েছেন, যাতে জনগণ সঠিক সিদ্ধান্তে উপনীত হতে পারে এবং জাতি সঠিক পথের দিশা খুঁজে পায়। যদি আপনারা আন্তরিকভাবে এই মহান দায়িত্ব পালন করেন, তবে আল্লাহ সুবহানাছ ওয়া তা'আলার পক্ষ থেকে আপনাদের জন্য রয়েছে মহা পুরস্কার। স্মরণ রাখবেন যে, এটা আপনাদের প্রতি অপূর্ণ বিশ্বাস ও দায়িত্ব, এবং যদি আপনারা ব্যক্তিগত স্বার্থের কারণে এই বিশ্বাস ভঙ্গ করেন, তবে আপনারা এই অত্যাচারী শাসন ব্যবস্থার প্রতারণার শিকার তো হবেনই, সেই সাথে উম্মাহুও আপনাদেরকে জবাবদিহিতার সম্মুখীন করবে। এই দুর্নীতিগ্রস্ত রাজনীতি যাতে অত্যাচারী গণতান্ত্রিক শাসন ব্যবস্থাকে রক্ষা করার কাজে আপনাদেরকে ব্যবহার করতে না পারে সেদিকে লক্ষ্য রাখবেন। বর্তমান প্রেক্ষাপটে আপনারা নিশ্চয়ই পরিষ্কারভাবে উপলব্ধি করতে পারছেন যে, এই অত্যাচারী ব্যবস্থার অধীনে কোন অধিকারই সুরক্ষিত নয় এবং কেউই নিরাপদ নয়। আপনারা এটাও জানেন যে, এদেশের জনগণ এই নিষ্ঠুর শাসনব্যবস্থার নিষ্পেষণে অসুস্থ ও ক্লান্ত হয়ে পড়েছে, এবং তারা ব্যাকুলভাবে এর বিকল্প অনুসন্ধান করছে। আপনাদেরকে অবশ্যই এই সত্য বলতে হবে এবং ধর্মনিরপেক্ষ গণতন্ত্রের নোংরা চেহারা উন্মোচন করে দিতে হবে। আল্লাহ সুবহানাছ ওয়া তা'আলা বলেন,

﴿ وَلَا تَلْبِسُوا الْحَقَّ بِالْبَاطِلِ وَتَكْتُمُوا الْحَقَّ وَأَنْتُمْ تَعْلَمُونَ ﴾

“তোমরা সত্যের সাথে মিথ্যার সংমিশ্রণ কর না এবং জেনে-শুনে সত্য গোপন কর না।” [সূরা আল-বাকুরাহ: ৪২]

হিব্বুত তাহরীর-এর মিডিয়া কার্যালয়, উলাই'য়াহ্ বাংলাদেশ